কালের কণ্ঠ

30 APR 2017
2 ... 6

# প্রশ্ন ফাঁসে শিক্ষামন্ত্রী দুষলেন 'কুলাঙ্গার' শিক্ষকদের

নিজস্ব প্রতিবেদক ▷

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'দেশে সব শিক্ষক ভালো নয়। ভালো, মানবিক ও বিবেকবানদের মধ্যেও কিছু কুলাঙ্গার রয়েছে, যারা প্রশ্ন ফাঁস করছে। সারা বছর অনেক কষ্টে প্রশ্ন পাহারা দিচ্ছি। বিজি প্রেসে কঠোরভাবে প্রশ্ন পাহারা দেওয়া হয়, প্রেসে যারা কাজ করে তাদের ভেতরে ঢুকতে হয় জন্মদিনের ড্রেস পরে, বেরও হতে হয় জন্মদিনের ড্রেস পরে। কিন্তু পরীক্ষার দিন সকালে প্রশ্ন হাতে পেয়েই তা ফাঁস করে দিচ্ছে কিছু 'কুলাঙ্গার' শিক্ষক। তাহলে কিভাবে এই প্রশ্ন ফাঁস ঠেকাব?' গতকাল শনিবার একটি কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

রাজধানীর লা মেরিডিয়ান হোটেলে গতকাল জেলা শিক্ষা কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, প্রধান শিক্ষক ও মাস্টার ট্রেইনারদের 'কানেক্টিং ক্লাসরুমস' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ব্রিটিশ কাউন্সিল এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর আয়োজিত কর্মশালায় প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। যেসব শিক্ষক টাকার বিনিময়ে পড়াতে শিক্ষার্থীদের বাসায় ডাকেন, যাঁরা প্রশ্ন ফাঁসের মাধ্যমে মেধা ও সরকারের ভাবমূর্তি নষ্ট করছেন, সেই সব শিক্ষকদের 'কুলাঙ্গার' বলে আখ্যা দেন শিক্ষামন্ত্রী। তিনি বলেন, 'শিক্ষাব্যবস্থা যুগোপযোগী করতে ও অনৈতিক কর্মকাণ্ডের সঙ্গে জড়িত শিক্ষকদের শাস্তি দিতে আইন আছে, তবু বিবেকহীন শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে নতুন আইন করা হচ্ছে।'

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............
তারিখ...............

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর